# এসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

**রচনামূলক প্রশ্ন**

পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যে কোন একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা কর :** ১০

(ক) স্বাধীনতা দিবস

(খ) বাংলা নববর্ষ

**২. যে কোন একটি বিষয়ে পত্র লেখ :** ১০

(ক) কম্পিউটার শিক্ষার গুরুত্ব বর্ণনা করে তোমার বন্ধুকে একটি পত্র লেখ।

(খ) শিক্ষর সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে আবেদন পত্র লেখ।

**৩. সারাংশ লেখ :** ১০

(ক) সময় ও স্রোত কারো জন্য অপেক্ষায় বসে থাকে না। চিরকাল চলতে থাকে। সময়ের নিকট অনুনয় কর, একে ভয় দেখাও, ভ্রুক্ষেপও করবে না, সময় চলে যাবে আর ফিরবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়। কিন্তু সময় একবার গত হয়ে গেলে আর ফিরে আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফলতাই যতই কাঁদনা কেন, গত সময় কখনো ফিরে আসবে না।

**(খ) সারমর্ম লেখ :**

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়ে ঘরে।

**৪. যে কোন একটি ভাব-সম্প্রসারণ কর :** ১০

(ক) পরের অনিষ্ট চিন্তা করে যেই জন
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

(খ) সকলের তরে সকলে আমরা,
প্রত্যেকে আমরা পরের তরে।

Teachingbd.com

http://teachingbd.com

৫. **যে কোন একটি বিষয়ে প্রতিবেদন রচনা কর।** ১০

(ক) তোমার বিদ্যালয়ের নববর্ষ বরণ অনুষ্ঠানের বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা কর।

(খ) 'খাদ্যদ্রব্যে ভেজাল মেশানো ও এর প্রতিকার' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৬. **যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :** ২০

(ক) স্বদেশ প্রেম

(খ) দৈনন্দিন জীবনে বিজ্ঞানের ব্যবহার

(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ০ | ২ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. নিচের কোনটি অনুগামী সমুচ্চয়ী অব্যয়?
ক আলবত খ বটে
গ যদিও ঘ কিন্তু

২. কোন বাক্যটির ক্রিয়া সকর্মক?
ক চুপ করে থাক
খ আকাশের চাঁদ যেন মাটিতে নেমেছে
গ শিশুটি কাঁদে
ঘ আকাশে চাঁদ উঠেছে

৩. "সাতাশ যদি হত একশ সাতাশ।"— এখানে 'হত' কোন কালের উদাহরণ?
ক পুরাঘটিত অতীত খ নিত্যবৃত্ত অতীত
গ পুরাঘটিত বর্তমান ঘ সাধারণ ভবিষ্যৎ

৪. নিরন্তরতা প্রকাশে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে কোনটিতে?
ক কাটিতে কাটিতে ধান এল বরষা
খ বাল্যকালে বিদ্যাভ্যাস করতে হয়
গ একবার মরলে কি কেউ ফেরে?
ঘ চা জুড়িয়ে যাচ্ছে

৫. প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে কী যোগ করার নিয়ম ছিল?
ক ও খ স গ ন ঘ হ

৬. 'ধাতুর গণ' বলতে কী বোঝায়?
ক শব্দের ধরন খ উচ্চারণের ধরন
গ বানানের ধরন ঘ ক্রিয়ার ধরন

৭. কোন বাক্যে বিধেয় কর্ম রয়েছে?
ক তাকে আমরা চিনি না
খ দুধকে আমরা দুগ্ধ বলি
গ জিজ্ঞাসিব জনে জনে
ঘ লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়

৮. রাখাল শুধায় আসি ব্রাহ্মণের কাছে।— এখানে কোনটি বোঝাতে অনুসর্গের ব্যবহার হয়েছে?
ক দিকে অর্থে খ সহগামিতা অর্থে
গ কর্মকারকে 'কে' বোঝাতে
ঘ নিমিত্ত অর্থে

৯. বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য কোনটি?
ক ধন ধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা
খ যতই করিবে দান, ততই যাবে বেড়ে
গ তুমি আসবে বলে আমি অপেক্ষা করছি
ঘ তিনি বাড়ি আছেন কি না, আমি জানি না

১০. 'যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে'— এর বাক্য সংকোচন কোনটি?
ক অবিমৃশ্যকারী খ অবিমৃষ্যকারী
গ অপরিণামদর্শী ঘ অচিন্তনীয়

১১. 'চুল'— এর সমার্থক শব্দ কোনটি?
ক পিক খ চিকুর
গ লোচন ঘ সুত

১২. ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করলে কর্তায় কোন বিভক্তি হয়?
ক ষষ্ঠী খ তৃতীয়া
গ দ্বিতীয়া ঘ প্রথমা

১৩. 'নিখাদ' অর্থে 'কাঁচা' ব্যবহৃত হয়েছে কোনটিতে?
ক কাঁচা কথা খ কাঁচা ইট
গ কাঁচা সোনা ঘ কাঁচা পাতা

১৪. পরবর্তী শব্দ থেকে উৎপন্ন বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক √ খ :
গ > ঘ <

১৫. 'বড্ড শুকিয়ে গেছিস রে।' এখানে কোন অনুভূতি প্রকাশ পেয়েছে?
ক বিস্ময় খ আদর
গ দুঃখ ঘ সাধারণ বিবৃতি

১৬. নিচের কোনটি ধর্মসংক্রান্ত ফারসি শব্দ?
ক কোরবানি খ যাকাত
গ ফেরেশতা ঘ কিয়ামত

১৭. শব্দের ক্ষুদ্রাংশকে কী বলে?
ক ধ্বনি খ ধ্বনিমূল
গ রূপ ঘ প্রকৃতি

১৮. কেন্দ্রীয় নিম্নাবস্থিত স্বরধ্বনি কোনটি?
ক অ খ আ
গ এ ঘ অ্যা

১৯. 'রিক্সা > রিস্‌কা'— এখানে কোন নিয়মে ধ্বনির পরিবর্তন হয়েছে?
ক ধ্বনি বিপর্যয়
খ অভিশ্রুতি
গ ব্যঞ্জনচ্যুতি
ঘ সম্প্রকর্ষ

২০. তৎসম সন্ধি মূলত কী সংযোগের নিয়ম?
ক ধ্বনি খ বর্ণ
গ শব্দ ঘ অর্থ

২১. নিচের কোনটিতে বৃহদার্থে স্ত্রী-প্রত্যয়যুক্ত হয়েছে?
ক গীতিকা খ শূদ্রাণী
গ সিংহী ঘ অরণ্যানী

২২. 'পৌনঃপুনিকতা' বোঝাতে দ্বিরুক্ত শব্দ ব্যবহৃত হয়েছে কোনটিতে?
ক ডেকে ডেকে হয়রান হয়েছি
খ ভয়ে গা ছমছম করছে
গ দেখে দেখে যেও
ঘ থেকে থেকে শিশুটি কাঁদছে

২৩. নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচন?
ক সকলে সব জানে না
খ বাগানে ফুল ফুটেছে
গ বাজারে লোক জমেছে
ঘ মানুষ মরণশীল

২৪. নিচের কোনটিতে অনির্দিষ্টতা বোঝাতে পদাশ্রিত নির্দেশক ব্যবহৃত হয়েছে?
ক সবটুকু ঔষধ খেয়ে ফেল
খ ন্যাকামিটা এখন রাখ
গ ওটি যেন কার তৈরি
ঘ পোয়াটাক দুধ দাও

teachingbd.com

http://teachingbd.com

২৫. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?
ক নীলকণ্ঠ　　খ উনপাঁজুরে
গ সেতার　　ঘ অন্তরীপ

২৬. নিচের কোনটি ফারসি উপসর্গযোগে গঠিত শব্দ?
ক গরমিল　　খ বরবাদ
গ হররোজ　　ঘ খাসকামরা

২৭. 'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর।' বাক্যটিতে কোন ধরনের ধাতু ব্যবহৃত হয়েছে?
ক নাম ধাতু　　খ কর্মবাচ্যের ধাতু
গ প্রযোজক ধাতু　　ঘ অজ্ঞাতমূল ধাতু

২৮. √শ্রম্ + ক্তি- এর প্রত্যয় সাধিত শব্দ কোনটি?
ক শান্তি　　খ শ্রমী
গ শ্রান্তি　　ঘ শ্রুতি

২৯. নিচের কোন শব্দটিতে 'সই' প্রত্যয় হিসেবে ব্যবহৃত হয়নি?
ক টিপসই　　খ জুতসই
গ মানানসই　　ঘ টেকসই

৩০. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?
ক প্রবীণ　　খ সন্দেশ
গ চিকামারা　　ঘ রাজপুত

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com